গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০১১.০৩২.২০১৮-১০২

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩০।
১৮ এপ্রিল ২০২৩।

**বিষয়: মাননীয় হাইকোর্ট বিভাগের রায়/আদেশ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের রিটকারীদের অফিস সহায়ক পদে নিয়োগের লক্ষ্যে তথ্য প্রেরণ।**

সূত্র: জনাব মো: আফতার আলী খন্দকার, রিটকারী অফিস সহায়ক, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা'র স্বাক্ষরিত আবেদন; তারিখ: ০২ এপ্রিল ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সুত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ থেকে প্রদত্ত ছাড়পত্রকে চ্যালেঞ্জ করে গাইবান্ধা **জেলার সাদুল্লাপুর** উপজেলা পরিষদ অফিস সহায়ক পদে নিয়োগ পাওয়ার জন্য **জনাব মো: আফতার আলী খন্দকার** বাদী হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪০২৩/২০১৫ দায়ের করে। তদপ্রেক্ষিতে মাননীয় আদালত গত ০৮ নভেম্বর ২০১৭ তারিখে নিম্নোক্ত রায়/আদেশ প্রদান করে **(কপি সংযুক্ত)**:

**Accordingly, the Rule is disposed of. The respondents are directed to regularize/absorb the petitioners in the permanent post in their office whenever vacancy arises, if they are otherwise not disqualified.**

২। পরবর্তীতে রিট পিটিশন নং-৪০২৩/২০১৫ এর উদ্ভুত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৭৮৭/২০১৮ দায়ের করে। মাননীয় আদালত গত ১৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের রায়/আদেশ বহাল রেখেছে **(কপি সংযুক্ত)**।

৩। এমতাবস্থায়, **জনাব মো: আফতার আলী খন্দকার, পিতা- মো: ইয়াকুপ আলী খন্দকার'কে গাইবান্ধা জেলার সাদুল্লাপুর** উপজেলা পরিষদে অফিস সহায়ক পদে নিয়োগের বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগের (রিট পিটিশন নং-৪০২৩/২০১৫ এর উদ্ভুত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৭৮৭/২০১৮ দায়ের করে। মাননীয় আদালতের গত ১৯ ফেব্রুয়ারি ২০২৩) রায়/আদেশের আলোকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) রিটকারী উপজেলা পরিষদে কর্মরত ছিল কিনা এবং বর্তমানে কর্মরত রয়েছে কিনা;
(খ) উপজেলা পরিষদ থেকে উক্ত পদে কোন নিয়োগ কার্যক্রম গ্রহণ করা হয়েছে কিনা?
(গ) মাননীয় আদালতের রায়/আদেশ অনুযায়ী রিটকারীকে নিয়োগ পাবার যোগ্য কিনা?
(ঘ) মাননীয় আদালতে এ সংক্রান্ত আর কোন মামলা চলমান আছে কিনা?

১৮/৪/২০২৩
(মাহবুবা আইরিন)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা।

২। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।

অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা।